

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৯, ২০২০

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/১৯ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর বিধি-৫ মোতাবেক
বিভাগীয় বাছাই কমিটি পুনর্গঠন।

নং ১১.০০.০০০০.৮০৩.০৬.০০৫.১১-৪৭৫—জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী
নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর বিধি-৫ এর উপ-বিধি (২) এর (৩) মোতাবেক পরবর্তী নির্দেশ না দেয়া
পর্যন্ত মাননীয় স্পীকার নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের
“বিভাগীয় বাছাই কমিটি” পুনর্গঠন করেছেন:

২। বিভাগীয় বাছাই কমিটি:

- | | |
|--|------------|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (মানব সম্পদ), জাতীয় সংসদ সচিবালয় | সভাপতি |
| (২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (৩) উপসচিব (মানব সম্পদ), জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |
| (৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাস-১),
জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |
| (৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাস-২)/(মাস-৩),
জাতীয় সংসদ সচিবালয় | সদস্য-সচিব |

(১৩৩৩৭)

মূল্য: টাকা ৪.০০

(ক) কমিটির কার্যপরিধি:

(অ) সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (সংশোধিত) এর শর্তপূরণ সাপেক্ষে জাতীয় সংসদ সচিবালয়ের ১০ম গ্রেডের পদে পদোন্নতি, ১১ গ্রেড হতে ১৯ গ্রেড (পূর্বতন ৩য় শ্রেণি) এবং ২০ গ্রেড (পূর্বতন ৪র্থ শ্রেণি) এর পদে কর্মচারী সরাসরি/পদোন্নতির বিষয়ে সুপারিশ প্রদান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সুবিধাদি প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান;

(আ) কমিটির দায়িত্ব ও কার্য সম্পাদনের ক্ষেত্রে সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মানব সম্পদ শাখা-২ ও মানব সম্পদ শাখা-৩) স্ব স্ব ক্ষেত্রে কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। জাতীয় সংসদ সচিবালয়ের বিভাগীয় বাছাই কমিটি গঠন সংক্রান্ত গত ২৯ অগ্রহায়ণ ১৪২২/ ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখের ১১.০০.০০০০.৮০৩.০৬.০০৫.১১-৮০৪ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্পীকারের আদেশক্রমে

মোহাম্মদ খালেদুর রহমান
সিনিয়র সহকারী সচিব।